দৈনিক ইনকিলাব

107

তারিখ ... JUL...1 .. 1999 ... ..
পৃঃ ১ কলাম 2

সরকারের মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রক্রিয়া শুরু

# দেশের ৩শ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধ

মফিজুর রহমান ॥ দেশে মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রক্রিয়া শুরু হয়েছে। ইতিমধ্যেই সরকার দেশের কমপক্ষে ৩শ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধ করে দিয়েছে। আরও অগণিত মাদ্রাসা পর্যায়ক্রমে বন্ধের প্রক্রিয়া চলছে। ইতিমধ্যে রংপুর জেলার মোট ২১৮টির মধ্যে ২০০টি মাদ্রাসা, সাতক্ষীরায় ৩৬টি, হবিগঞ্জ জেলায় ২৫টি এবং মৌলভীবাজার জেলার ৯টি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধের কথা জানা গেছে। ওই মাদ্রাসার মধ্যে দাখিল,

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## দেশের ৩শ' মাদ্রাসা

প্রথম পৃষ্ঠার পর

আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা রয়েছে।

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মোঃ বদিউজ্জামান স্বাক্ষরিত বিভিন্ন মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধের চিঠি দেয়া হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের কাছে ওই চিঠি দেয়া হয়। চিঠিতে মাদ্রাসা বন্ধের কারণ হিসাবে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন টীমের প্রতিবেদনের আলোকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের নীতিমালায় ন্যূনতম শর্ত পূরণের ব্যর্থতার কথা উল্লেখ করা হয়। ওই চিঠিতে ঢালাওভাবে বলা হয়, মাদ্রাসার স্বীকৃতির মেয়াদ শেষ, প্রতি শ্রেণীতে প্রয়োজনীয় একশ' জন ছাত্র নেই, সাধারণ তহবিলে নির্ধারিত অংকের টাকা জমা নেই, মাদ্রাসার গুণগত ও সংখ্যাগত ফলাফল সন্তোষজনক নয়, লাইব্রেরীতে প্রয়োজনীয় বই নেই। প্রকৃতপক্ষে উল্লেখিত শর্ত সব মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য না হওয়া সত্ত্বেও স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বন্ধের মাধ্যমে সরকার মাদ্রাসা বন্ধের প্রক্রিয়া শুরু করেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মাদ্রাসাসমূহকে ৩ বছরের মেয়াদে অনুমোদন দেয়া হয়ে থাকে। মেয়াদ শেষ হওয়ার আগেই মাদ্রাসা কর্তৃপক্ষ বোর্ডের কাছে মেয়াদ বৃদ্ধির (নবায়নের জন্য) আবেদন জানায়। ওই আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট থানার পরিদর্শকগণ মাদ্রাসা পরীক্ষা-নীরিক্ষা করে থাকেন। যেসব মাদ্রাসা বন্ধ করা হয়েছে তার মধ্যে অনেক মাদ্রাসারই মেয়াদ নবায়নের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। নবায়ন প্রক্রিয়াধীন থাকা মাদ্রাসার স্বীকৃতি বাতিল করার কোন যুক্তি নেই।

মৌলভীবাজারের রাজনগর থানার রাজনগর দারুছ ছুন্নাতু ফাজিল মাদ্রাসার আলিম ও ফাজিল স্তরের স্বীকৃতি প্রত্যাহার করা হয়েছে গত ১০ জুন শিক্ষা মন্ত্রণালয়ের এক চিঠির মাধ্যমে। অনুরূপভাবে স্বীকৃতি প্রত্যাহার করা হয়েছে একই জেলার রাজনগর থানার মোকামবাজার সৈয়দ আবদুল বারী সুন্নিয়া দাখিল মাদ্রাসার। ওই জেলার বন্ধ হওয়া আরও ৭টি মাদ্রাসা হচ্ছে— বড়লেখা জামেয়া ইসঃ দাখিল মাদ্রাসা, কাজির বাজার দাখিল মাদ্রাসা, বড়লেখা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, পরগনাহী দৌলতপুর সিনিয়র মাদ্রাসা, চান্দগ্রাম এইউ ফাজিল মাদ্রাসা, সুজাউল আলিয়া মাদ্রাসা, পাথরিয়া গাংকুল মনসুরিয়া সিনিয়র মাদ্রাসা।